

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী,
ঢাকা-১২১২।



নম্বর ৩৫.০৩.০০০০.০০৩.৯৯.০০১.১৯.২২২

তারিখ: ২৩ চৈত্র ১৪২৭

০৬ এপ্রিল ২০২১

গণপরিবহন চলাচলে নিষেধাজ্ঞা আরোপ বিষয়ক সংশোধিত জরুরি বিজ্ঞপ্তি

বিষয়: ০৭ এপ্রিল ২০২১ থেকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ভোর ৬.০০টা থেকে সন্ধ্যা ৬:০০টা পর্যন্ত সিটি কর্পোরেশন এলাকায় গণপরিবহন চলাচলে নিষেধাজ্ঞা শিথিল প্রসঙ্গে।

করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সরকারি-বেসরকারিসহ বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত ও জনসাধারণের যাতায়াতে দুর্ভোগের বিষয়টি বিবেচনায় এনে সরকার শুধুমাত্র ঢাকা ও চট্টগ্রাম মহানগরসহ গাজীপুর, নারায়ণগঞ্জ, কুমিল্লা, রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল, রংপুর এবং ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকাধীন সড়কে ভোর ৬:০০টা থেকে সন্ধ্যা ৬:০০টা পর্যন্ত ধারণক্ষমতার অর্ধেক আসন খালি রেখে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে গণপরিবহন চলাচলের অনুমতি প্রদান করেছেন:

- ট্রিপের শুরু ও শেষে জীবাণুনাশক দিয়ে গাড়ি জীবাণুমুক্ত করতে হবে;
- পরিবহন সংশ্লিষ্ট মোটরযান চালক, অন্যান্য শ্রমিক কর্মচারী ও যাত্রীদের বাধ্যতামূলক মাস্ক পরিধান ও হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার নিশ্চিত করতে হবে;
- কোনোভাবেই সমন্বয়কৃত ভাড়ার অতিরিক্ত ভাড়া আদায় করা যাবে না;
- করোনা সংক্রমণ বিস্তার রোধে সরকারের অন্যান্য নির্দেশাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

২। পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত দূরপাল্লার গণপরিবহন চলাচল যথারীতি বন্ধ থাকবে।

৩। গত ৪ এপ্রিল ২০২১ তারিখের ৩৫.০৩.০০০০.০০৩.৯৯.০০১.১৯.২২০ স্মারকমূলে জারীকৃত গণপরিবহন চলাচলে নিষেধাজ্ঞা আরোপ বিষয়ক জরুরি বিজ্ঞপ্তির অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

৪। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ০৬-০৪-২০২১ খ্রিষ্টাব্দ তারিখের ৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-১৬৯ সংখ্যক পত্রের নির্দেশনামতে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

৫। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে।

৬-৪-২০২১

শীতাংশু শেখর বিশ্বাস
পরিচালক (ইঞ্জিনিয়ারিং)
ফোন: ০২-৫৫০৪০৭১৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ফনিব্ল রোড, ফুলবাড়িয়া, ঢাকা।
- ২) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রো পলিটন পুলিশ, রমনা, ঢাকা।
- ৩) অতিরিক্ত আইজিপি, হাইওয়ে পুলিশ, ৩৪, শাহজালাল এভিনিউ, , সেক্টর-৪, উত্তরা, ঢাকা-১২৩০।
- ৪) পুলিশ কমিশনার,(সকল)
- ৫) প্রধান নির্বাহী কর্মকর্তা,(সকল সিটি কর্পোরেশন)
- ৬) জেলা প্রশাসক, (সকল জেলা)।
- ৭) পুলিশ সুপার,(সকল জেলা)।
- ৮) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রী মহোদয়ের দপ্তর, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ৯) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১০) উপপ্রধান তথ্য অফিসার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারের অনুরোধসহ)
- ১১) উপপরিচালক(ইঞ্জিঃ), ঢাকা-১২১৬।/চট্টগ্রাম।/রাজশাহী।/খুলনা।/সিলেট।/বরিশাল।/রংপুর।
- ১২) মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, পরিবহন ভবন, ১১৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
- ১৩) চেয়ারম্যান, বাংলাদেশ বাসট্রাক ওনার্স এসোসিয়েশন, আহসানউল্লা ভবন, ২৫৭/ক, বাগবাড়ী দারুস সালাম, মিরপুর রোড, ঢাকা।
- ১৪) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ট্রাক-কাভার্ড ভ্যান মালিক সমিতি , তেজগাঁও, ঢাকা।
- ১৫) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক এভিনিউ, ঢাকা।
- ১৬) সহকারী পরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ..... সার্কেল,(সকল)।
- ১৭) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার এর শাখা, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৮) চেয়ারম্যানের একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৯) ব্যবস্থাপনা পরিচালক , উবার বাংলাদেশ লিমিটেড, বাড়ি নং- 36, রোড নং-সোনারগাঁও জনপথ রোড, উত্তরা, ঢাকা।
- ২০) ব্যবস্থাপনা পরিচালক , পাঠাও লিমিটেড, CWN(A)(6th Floor), Road # 49, Kamal Ataturk Avenue, Gulshan, Model Town, Dhaka-1212।
- ২১) ব্যবস্থাপনা পরিচালক, ওভাই সলিউশনস লিমিটেড, জাহাঙ্গীর টাওয়ার (5ম তলা), 10, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
- ২২) ব্যবস্থাপনা পরিচালক, সহজ লিমিটেড, House No- Anushka Bhaban, Plot # 23, 5th Floor, Road No-01, Mirpur, Dhaka.